

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।  
www.dls.gov.bd

“আমিষেই শক্তি, আমিষেই মুক্তি”

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯.০৩৪৪.১৪.২৫৬৩

তারিখ: ১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পোল্ট্রি খামারে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার এর প্রাদূর্ভাব নিয়ন্ত্রণে খামারীদের করণীয় বিষয়ক।

সূত্র: ০৪/০৩/২০২৬ ইং তারিখে অনুষ্ঠিত National Technical Committee for Avian Influenza (Livestock Sector) সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বাংলাদেশে পোল্ট্রি খাত ব্যাপক বিস্তৃতির মাধ্যমে দেশের জনসাধারণের জন্য প্রাণিজ আমিষ হিসাবে মাংস ও ডিম সরবরাহ নিশ্চিত করে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদূর্ভাব লক্ষ্য করা যাচ্ছে।

২। এছাড়া আইইডিসিআর হতে প্রাপ্ত তথ্যে জানা গেছে, ২০২৫-২৬ এ কিছু সংখ্যক মানুষে এভিয়ান ইনফ্লুয়েঞ্জায় সংক্রমণ ধরা পড়েছে। বাংলাদেশে সনাক্তকৃত এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ভাইরাস এর জেনোটিক চরিত্র বিশ্লেষণে দেখা গেছে যে, পূর্বের সংক্রমিত ভাইরাসটি Reassortment এর মাধ্যমে পরিবর্তিত রূপ ধারণ করেছে, যা পোল্ট্রি ও জনস্বাস্থ্যের জন্য ঝুঁকির কারণ হতে পারে। এ বিষয়ে পোল্ট্রি খামারীদের মধ্যে ব্যাপক সচেতনতা বৃদ্ধি এবং বাণিজ্যিক খামারে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন নিশ্চিত করা প্রয়োজন।

৩। এমতবস্থায় আপনার দপ্তরের চলমান ট্রেনিং ও ওঠোন বৈঠক কার্যক্রমের আওতায় পোল্ট্রি ও জনস্বাস্থ্য সুরক্ষায় মুরগি খামারে জৈবনিরাপত্তা প্রতিপালনসহ ও পোল্ট্রি পালনের সাথে সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা (কপি সংযুক্ত) এবং বাণিজ্যিক খামারে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন নিশ্চিত করা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তি:

(১) জৈব নিরাপত্তা নির্দেশিকা



১৫-০৩-২০২৬

ড. মোঃ আবু সুফিয়ান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) এবং
- ২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.৯৯.০৩৪৪.১৪.২৫৬৩/১(৮)

তারিখ: ১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। পরিচালক, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৩। পরিচালক, উৎপাদন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৪। পরিচালক, কেন্দ্রীয় মুরগি খামার, মিরপুর, ঢাকা।
- ৫। পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা।

৬। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।

৭। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং

৮। Dr Paul Daru, Project Director, EpiC Bangladesh & Country Representative, FHI 360, Bangladesh- জনসচেতনতামূলক সামগ্রী প্রস্তুতকরণ ও আপনার প্রকল্প এলাকায় বিতরণসহ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের অনুরোধসহ।



১৫-০৩-২০২৬

১৫-০৩-২০২৬

ড. মোঃ আবু সুফিয়ান

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

## জৈব নিরাপত্তার নির্দেশিকা

১. খামারের মূল ফটকে প্রবেশাধিকার নিয়ন্ত্রন
  - ১.১ শুধুমাত্র প্রয়োজনীয় যানবাহন (খাবার ও ডিম আনা নেয়ার জন্য) খামারে প্রবেশ করতে পারবে
  - ১.২ লিটার সংগ্রাহকারী খামারে প্রবেশ করতে পারবে না
  - ১.৩ খামারের চারিপার্শ্বে বেড়া/বেষ্টনী দিতে হবে যেন বাহিরের হাঁস-মুরগি ভিতরে প্রবেশ করতে না পারে
  - ১.৪ মৃত হাঁস-মুরগি নিরাপদে অপসারণ করে এবং মাটিতে পুঁতে রাখতে হবে
  - ১.৫ পোল্ট্রি খামারের প্রধান ফটকে "প্রবেশ সংরক্ষিত" চিহ্ন থাকবে
২. খাবার/ডিম সংগ্রহের স্থান ও সেডের মধ্যবর্তী অংশের প্রবেশাধিকার নিয়ন্ত্রন
  - ২.১ সেডের কাছে কোন যানবাহন প্রবেশ করতে পারবে না
  - ২.২ শুধুমাত্র খামারের কর্মীরা সেডের ভিতরে প্রবেশ করতে পারবে
  - ২.৩ খামারে অনুমোদিত দর্শনার্থী ছাড়া অন্য কাউকে প্রবেশের অনুমতি দেয়া ঠিক হবে না
৩. খামারের কর্মী ব্যবস্থাপনা
  - ৩.১ বাহিরে ব্যবহৃত জুতা বাহিরে রেখে খামারের নিদিষ্ট জুতা পরে খামারে প্রবেশ করতে হবে
  - ৩.২ বাহিরে ব্যবহৃত পোশাক পরিবর্তন করে খামারের নিদিষ্ট পোশাক পরে প্রবেশ করতে হবে
  - ৩.৩ খামারে প্রবেশের পূর্বে গোসল করে নিতে হবে
৪. সরঞ্জামাদি ব্যবস্থাপনা
  - ৪.১ বাজার বা অন্য খামার থেকে আনা সরঞ্জামাদি অবশ্যই পরিষ্কার ও জীবানুমুক্ত করে নিতে হবে